# রাজশাহী বোর্ড-২০১৭

**উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন: প্রথম পত্র** — বিষয় কোড : | ২ | ৮ | ৬ |

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট — সৃজনশীল প্রশ্ন — পূর্ণমান— ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]*

**১.▶** "টাঙ্গাইল শাড়ি বিতান" প্রতিষ্ঠানটি বিখ্যাত টাঙ্গাইল কাপড় নিজস্ব পরিবহনের মাধ্যমে সারাদেশে সরবরাহ করে থাকে। ফলে অন্য এলাকায় এই কাপড়ের চাহিদা বাড়তে থাকে। এমনকি বিদেশ থেকেও ২ লক্ষ পিস কাপড়ের অর্ডার নেওয়া হয় এবং তা সরবরাহ করা হয়।

ক. রূপগত উপযোগ কী? ১

খ. স্থানগত উপযোগ কীভাবে সৃষ্টি হয়? ব্যাখ্যা করো। ২

গ. টাঙ্গাইল শাড়ি বিতান কোন ধরনের সৃষ্টির সাথে জড়িত— ব্যাখ্যা করো। ৩

ঘ. অভাব মোচনে টাঙ্গাইল শাড়ি বিতান কীভাবে অবদান রাখবে— মূল্যায়ন করো। ৪

**২.▶** জনাব রাকিব ফরিদপুরে একটি পাটকল গড়ে তোলেন। উক্ত কারখানায় উন্নতমানের পাটজাত পণ্য উৎপাদিত হয়। অল্পদিনের মধ্যেই উৎপাদিত পণ্যের চাহিদা বেড়ে যায়। এতে উৎপাদন বাড়ানোর প্রয়োজন দেখা দেয়। জনাব রাকিবের ব্যবস্থাপকীয় দক্ষতা ও ভূমির মূল্য কম থাকা সত্ত্বেও তিনি পাটকলটির আয়তন বাড়াতে পারছেন না।

ক. শ্রমের দক্ষতা কী? ১

খ. 'শ্রম বিভাগ যোগ্যতা অনুসারে কাজ বণ্টন করে'— ব্যাখ্যা করো। ২

গ. উৎপাদনের কোন উপকরণের অভাবে জনাব রাকিব তার পাটকল সম্প্রসারণ করতে পারছেন না? ব্যাখ্যা করো। ৩

ঘ. "ব্যবস্থাপকীয় দক্ষতাই ব্যবসায়ে সফলতা অর্জনের জন্য যথেষ্ট নয়"— তুমি কি একমত? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৩.▶** মহিমা এম এ পাস করে মানসম্মত চাকরি না পেয়ে আত্মকর্মসংস্থানের লক্ষ্যে ৫০ জন শ্রমিক ও ৫ কোটি টাকা স্থায়ী মূলধন নিয়ে নরসিংদীতে হস্তশিল্প প্রতিষ্ঠা করেন। তার তৈরি হস্তশিল্প সামগ্রী জনপ্রিয় হওয়ায় ব্যবসায় কাঙ্ক্ষিত সাফল্য অর্জনে তিনি সক্ষম হন।

ক. ক্ষুদ্রশিল্প কী? ১

খ. "উৎপাদনমাত্রা বৃদ্ধি পেলে মুনাফার পরিমাণ বৃদ্ধি পায়"— ব্যাখ্যা করো। ২

গ. মহিমার ব্যবসায়টি কোন ধরনের শিল্প? ব্যাখ্যা করো। ৩

ঘ. "শ্রম ও মূলধনের ওপর ব্যবসায়ের ধরন নির্ভরশীল"— উদ্দীপকের আলোকে মূল্যায়ন করো। ৪

**৪.▶** 'B' নামক একটি দেশের সরকার উৎপাদন অবস্থা জানার জন্য মোট জাতীয় উৎপাদন হিসাব করে থাকে। এ লক্ষ্যে সরকার জনগণের ভোগ ব্যয়, সকল সরকারি ব্যয় ও বিনিয়োগ হিসাব করে। এছাড়া বছরে কী পরিমাণ পণ্য রপ্তানি ও আমদানি করা হয় সে তথ্য ও সংগ্রহ করে থাকে।

ক. নিট দেশজ উৎপাদন কী? ১

খ. 'জাতীয় আয় হলো একটি দেশের অর্থনৈতিক অবস্থার প্রধান নির্দেশক'— ব্যাখ্যা করো। ২

http://teachingbd.com

গ. 'B' দেশের সরকার কোন পদ্ধতি অবলম্বন করে মোট জাতীয় উৎপাদন পরিমাণ করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে করো মোট জাতীয় উৎপাদন দ্বারা একটি দেশের উৎপাদন পরিস্থিতি সম্পর্কে অবগত হওয়া যায়? ৪

৫.▶ মি. মামুন কক্সবাজারের একজন শিক্ষিত বাসিন্দা। চাকরি না পেয়ে ব্যাংক থেকে ঋণ নিয়ে একট আবাসিক হোটেল স্থাপন করে। হোটেলের মান উন্নত হওয়ায় তার গ্রাহক সংখ্যা দিন দিন বাড়ছে। এতে তিনি আরও একটি হোটেল স্থাপনের উদ্যোগ নিলেন।

ক. দ্রব্য কী? ১
খ. উৎপাদন ব্যবস্থাপনা ক্রেতাকেন্দ্রিক কেন? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে কোন ধরনের সেবা খাতের কথা উল্লেখ করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে করো মি. মামুনের কাজটি বৈদেশিক মুদ্রা অর্জনে সহায়ক হবে? মতামত দাও। ৪

৬.▶ মিসেস রাবেয়া একটি উৎপাদনকারী প্রতিষ্ঠানের পণ্য ডিজাইন করেন। প্রতিযোগিতমূলক বাজারে টিকে থাকার জন্য পণ্য ডিজাইনের ক্ষেত্রে তিনি উন্নত প্রযুক্তি ব্যবহার করেন। এছাড়া তিনি উৎপাদন ব্যয়কে বিবেচনা করেন। উৎপাদন ব্যয় হ্রাস করার ফলে প্রতিষ্ঠানটি সহজেই সফলতা অর্জন করেন।

ক. পণ্য ডিজাইন কী? ১
খ. "নান্দনিক ডিজাইন পণ্যের বিক্রয় বৃদ্ধিতে সহায়ক"— ব্যাখ্যা করো। ২
গ. পণ্য ডিজাইন কীভাবে উৎপাদন ব্যয় হ্রাস করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'মিসেস রাবেয়ার কাজটি প্রতিষ্ঠানটিকে প্রতিযোগিতায় সহায়তা করবে'— উদ্দীপকের আলোকে এর যথার্থতা বিচার করো। ৪

৭.▶ মি. বিধান একটি ওয়াটার পাম্প উৎপাদনকারী প্রতিষ্ঠানের মালিক। ত্রুটিযুক্ত পাম্প উৎপাদনের ফলে একজন ক্রেতা ক্ষতিগ্রস্ত হওয়ায় গত বছর মি. বিধানকে মামলার পেছনে বেশ অর্থ ব্যয় করতে হয়। তার প্রতিষ্ঠানে কোয়ালিটি কন্ট্রোলার না থাকায় দিন দিন তার ব্যয় বেড়ে যাচ্ছে। সম্প্রতি মি. বিধান ব্যয় হ্রাসের জন্য মান নিয়ন্ত্রণের সিন্ধান্ত নিয়েছেন।

ক. মান কী? ১
খ. "মান ব্যবস্থানপায় উচ্চ উৎপাদনশীলতা নিশ্চিত করে"— ব্যাখ্যা করো। ২
গ. "পণ্যের নিম্নমান যেকোনো প্রতিষ্ঠানের ক্রেতা হ্রাসের কারণ"— ব্যাখ্যা করো। ৩
ঘ. ব্যয় হ্রাসের জন্য মি. বিধানের মান নিয়ন্ত্রণের সিন্ধান্তের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

৮.▶ "রুমা ডিজাইন হাউজ" তাদের প্রতিষ্ঠানে বিনিয়োগকৃত মূলধন বিবেচনা করে উৎপাদন ক্ষমতা হ্রাস করেন। নিচের সারণিতে প্রতিষ্ঠানটির উৎপাদন সম্পর্কে কিছু তথ্য দেওয়া হলো:

| সাল | ২০১৫ | ২০১৬ |
|---|---|---|
| সর্বোচ্চ উৎপাদন ক্ষমতা | ২,০০,০০০ একক | ৩,০০,০০০ একক |
| গড় উৎপাদন ক্ষমতা | ১,০০,০০০ একক | ২,০০,০০০ একক |

ক. উৎপাদন ক্ষমতার পরিমাপ কী? ১

খ. "নিম্ন উৎপাদন ক্ষমতা বিক্রয় ও মুনাফা হ্রাস করে"— ব্যাখ্যা করো। ২

গ. "রুমা ডিজাইন হাউজ" উৎপাদন ক্ষমতা নির্ধারণের কোন উৎপাদনকে বিবেচনা করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উল্লিখিত দুই বছর প্রতিষ্ঠানটির সর্বোচ্চ উৎপাদন ক্ষমতা নির্ণয় করো এবং এর ভিত্তিতে মন্তব্য প্রদান করো। ৪

৯.▶ রাজশাহীর ফাহিম সাহেব চাকরি থেকে অবসরের পর একটি আলু প্রক্রিয়াজাতকরণ কারখানা স্থাপনের সিদ্ধান্ত নিলেন। এ লক্ষ্যে রাজশাহীর পদ্মার তীরে একখণ্ড জমি ক্রয় করে স্থাপনা করে ব্যবসায় কার্যক্রম শুরুর মাধ্যমে তিনি তার দীর্ঘদিনের লালিত স্বপ্ন পূরণ করেছেন।

ক. বিকেন্দ্রীকরণ কী? ১

খ. পরিবর্তনশীল খরচ বলতে কী বোঝায়? উদাহরণ দাও। ২

গ. জনাব ফাহিম কোন বিষয়টি চিন্তা করে উদ্দীপকে উল্লিখিত স্থানে ব্যবসায়ের সিন্ধান্ত নিলেন— ব্যাখ্যা করো। ৩

ঘ. "ব্যবসায়ের সঠিক অবস্থান উৎপাদন ব্যয় হ্রাস করতে পারে।"— উক্তিটি মূল্যায়ন করো। ৪

১০.▶ জনাব কবির বিশ্বাস বিল্ডার্স লিমিটেডের স্বত্বাধিকারী। তিনি বরিশালের কাউনিয়ায় একটি বিল্ডিং নির্মাণের ঠিকাদারি লাভ করেন। তিনি শ্রমিক ও প্রয়োজনীয় সব ধরনের সরঞ্জামাদি প্রকল্প এলাকায় মজুদ করেন। ফলে নির্দিষ্ট সময়ের মধ্যে ও সুষ্ঠুভাবে বিল্ডিংয়ের নির্মাণ কাজ সম্পন্ন করতে সক্ষম হন।

ক. বিন্যাস বলতে কী বোঝায়? ১

খ. 'লে-আউট উন্নত কার্য পরিবেশ নিশ্চিত করে'— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটি কোন ধরনের লে-আউট অনুসরণ করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠান কর্তৃক অনুসৃত লে-আউট প্রয়োগ করে যে সুবিধা পাওয়া যায় তা উল্লেখপূর্বক তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১১.▶ হীরা ও পান্না দুই বন্ধু। বিশ্ববিদ্যালয়ের পড়া শেষ করে হীরা একটি বিদেশি ফার্মে সহকারী ব্যবস্থাপক পদে যোগদান করে। এবং পান্না বিসিএস ক্যাডার সার্ভিসের ভূমি অফিসের সহাকারী কমিশনার পদে যোগ দেয়। ৫ বছর পর তার যোগ্যতা ও অভিজ্ঞতার কারণে উক্ত ফার্মের জার্মানি শাখায় পূর্ণাঙ্গ ব্যবস্থাপক পদে প্রেরণ করা হয়। তিনি তার আয়ের বৃহৎ অংশ মা-বাবাকে প্রেরণ করেন। অপরদিকে পদোন্নতি পেয়ে পান্না উপজেলা নির্বাহী অফিসার হন।

ক. কায়িক শ্রম কী? ১

খ. ভূমি অবিনশ্বর— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপক অনুযায়ী পান্নার পদোন্নতি কোন ধরনের গতিশীলতা? ব্যাখ্যা করো। ৩

ঘ. হীরা ও পান্নার কর্মপরিধি দেশের আর্থ-সামাজিক অবস্থার ওপর কীভাবে প্রভাব ফেলে? শ্রমের গতিশীলতার আলোকে মূল্যায়ন করো। ৪

TeachingBD.com

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. ISO-9000 কয়টি সনদ দ্বারা গঠিত?**
ক) ২টি খ) ৩টি
গ) ৪টি ঘ) ৫টি

**২. আইএসও ১৪০০০ কোনটির সাথে সম্পর্কযুক্ত?**
ক) পণ্যের মান খ) পণ্যের ডিজাইন
গ) পরিবেশ সংরক্ষণ ঘ) ক্রেতা সন্তুষ্টি

**উদ্দীপকটি পড়ো এবং ৩নং প্রশ্নের উত্তর দাও:**
সুজন বিসিক শিল্পনগরী সিলেটে একটি বিস্কুট তৈরির কারখানা স্থাপন করেন। প্রতিষ্ঠানটিতে ৮০ জন শ্রমিক কাজ করে এবং এর বিনিয়োগকৃত মূলধনের পরিমাণ ৭ কোটি টাকা।

**৩. উদ্দীপকে সুজন কোন ধরনের এন্টারপ্রাইজ স্থাপন করেন?**
ক) ক্ষুদ্র খ) মাঝারি
গ) বৃহৎ ঘ) স্বায়ত্তশাসিত

**৪. অর্থনীতির দৃষ্টিতে ভূমির আওতা-বহির্ভূত কোনটি?**
ক) পানি খ) বাতাস
গ) আলো ঘ) বিদ্যুৎ

**৫. নিচের কোনটি স্থায়ী ব্যয়?**
ক) শ্রমিকের মজুরি খ) কারখানার ভাড়া
গ) গ্যাস বিল ঘ) কাঁচামালের মূল্য

**৬. পণ্যের উপযোগ সৃষ্টি করাকে কী বলে ?**
ক) উৎপাদন খ) উৎপাদনশীলতা
গ) চাহিদা ঘ) যোগান

**৭. উকিলের পরামর্শ কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?**
ক) রূপগত খ) স্বত্বগত
গ) স্থানগত ঘ) সেবাগত

**উদ্দীপকটি পড়ো এবং ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও:**
মি. জামান বাগানের পরিচর্যার জন্য ১০ জন শ্রমিককে কাজে লাগান এবং উৎপাদিত চারা বিক্রির জন্য ছোট ভাই শাহীনকে সম্মানীর ভিত্তিতে দায়িত্ব দেন। বর্তমানে উৎপাদিত চারার চাহিদা বৃদ্ধি পাওয়ায় নার্সারি সম্প্রসারণের জন্য বন্ধু আমানকে সমঝোতার ভিত্তিতে অন্তর্ভুক্ত করার চিন্তা-ভাবনা করেন।

**৮. উদ্দীপকে ব্যবসায়টি কোন ধরনের সংগঠন?**
ক) যৌথ উদ্যোগ খ) যৌথ মূলধনী
গ) একমালিকানা ঘ) অংশীদারি

**৯. বন্ধু আমানকে অন্তর্ভুক্ত করতে চাইলে—**
i. যৌথ উদ্যোগে রূপান্তর করতে হবে
ii. চুক্তি করতে হবে
iii. কাঠামো পরিবর্তন করতে হবে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১০. নিচের কোনটি সেবার বৈশিষ্ট্য?**
ক) স্পর্শনীয়তা খ) বিচ্ছিন্নতা
গ) পরিবর্তনশীলতা ঘ) অবিনশ্বরতা

**১১. নিচের কোনটি উৎপাদনের জীবন্ত উপাদান?**
ক) ভূমি খ) শ্রম
গ) মূলধন ঘ) সংগঠন

**উদ্দীপকটি পড়ো এবং ১২নং প্রশ্নের উত্তর দাও:**
জনাব রাকিব একটি বেসরকারি প্রতিষ্ঠানে কাজ করেন। তিনি ছেলের জন্মদিন উপলক্ষে একটি বড় কেক এবং কিছু খেলনা ক্রয় করেন।

**১২. উদ্দীপকে জনাব রাকিব কোন ধরনের পণ্য ক্রয় করেন?**
ক) প্রধান খ) লোভনীয়
গ) জরুরি ঘ) শপিং

**১৩. নিচের কোনটি উৎপাদনের উপকরণ?**
ক) ভূমি খ) খনিজতেল
গ) কয়লা ঘ) কলকারখানা

**১৪. পণ্যের মান নির্ধারণে আন্তর্জাতিক সংস্থাটির নাম কী?**
ক) ISO খ) ILO
গ) BSTI ঘ) BTTB

**১৫. মেশিনের গায়ে লেখা উৎপাদন ক্ষমতাকে কী বলে?**
ক) সর্বোচ্চ উৎপাদন ক্ষমতা
খ) কার্যকর উৎপাদন ক্ষমতা
গ) প্রকৌশলগত উৎপাদন ক্ষমতা
ঘ) প্রকৃত উৎপাদন ক্ষমতা

**১৬. পণ্য ডিজাইনের উদ্দেশ্য হলো—**
i. ব্যয় হ্রাস ii. আকর্ষণ সৃষ্টি
iii. উৎপাদনশীলতা হ্রাস
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও:**
জনাব ফাহিম সিলেট শহরের ঘনবসতি এলাকা জিন্দাবাজারে একটি সুপার স্টোর পরিচালনা করছেন। তার সুপার শপে কফি কর্নার, শিশুদের খেলার স্থান, টয়লেট, গাড়ি পার্কিং প্রভৃতির সুবিধা রয়েছে। বর্তমানে তার প্রতিষ্ঠানটি ভোক্তাদের কাছে কেনাকাটার জন্য একটি জনপ্রিয় প্রতিষ্ঠান।

http://teachingbd.com

১৭. উদ্দীপকের জনাব ফাহিম কোন ধরনের বিন্যাস পদ্ধতি অনুসরণ করেন?
ক পণ্য
খ স্থির অবস্থান
গ খুচরা বিক্রয় কেন্দ্র
ঘ প্রক্রিয়া

১৮. এ ধরনের বিন্যাস পদ্ধতির বৈশিষ্ট্য হলো—
i. স্থানের সর্বোচ্চ ব্যবহার
ii. নৈকট্য
iii. ক্রেতাদের নিরাপত্তা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

১৯. GNP-এর সূত্র কোনটি?
ক GDP – CCA
খ GDP – DC
গ R+W+I+P–TP
ঘ C+I+G+(X–M)

২০. কোন ধরনের ডিজাইনে পণ্যের উপযোগিতা বৃদ্ধি পায়?
ক উৎপাদন
খ প্যাকিং
গ ক্রিয়াগত
ঘ নান্দনিক

২১. সর্বপ্রথম শিল্প বিপ্লব কোথায় সংঘটিত হয়েছিল?
ক ইংল্যান্ড
খ ফ্রান্স
গ ইটালি
ঘ জার্মানি

২২. কোন বিন্যাসের পণ্য স্থির থাকে?
ক পণ্য
খ স্থির অবস্থান
গ প্রক্রিয়া
ঘ গুদাম

২৩. জাতীয় আয় পরিমাপের সমস্যা হলো—
i. দ্বৈতগণনা
ii. কর ফাঁকি
iii. প্রত্যক্ষ কর
নিচের কোনটি সঠিক?
ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড় এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব রবিন একজন জুয়েলারি ব্যবসায়ী। তিনি ক্রেতাদের পছন্দ বিবেচনা করে হাতের স্পর্শ ছাড়া স্বয়ংক্রিয় যন্ত্রপাতি ব্যবহার করে পণ্য উৎপাদন করেন। ফলে তার প্রতিষ্ঠানের বিক্রয় দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

২৪. উদ্দীপকে জনাব রবিন কোন ধরনের ডিজাইন অনুসরণ করেন?
ক ক্রিয়াগত
খ রুচিসম্মত
গ উৎপাদন
ঘ প্যাকিং

২৫. উদ্দীপকে উল্লিখিত ডিজাইনের সুবিধা হলো—
i. উৎপাদন ব্যয় হ্রাস পায়
ii. উৎপাদনশীলতা হ্রাস পায়
iii. অপচয় হ্রাস পায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

২৬. একটি ক্ষুদ্র এন্টারপ্রাইজের উৎপাদনের ক্ষেত্রে জমি ও দালানকোঠা বাদে স্থায়ী সম্পদের পরিমাণ কত?
ক ৫ লক্ষ-১ কোটি
খ ৫০ লক্ষ-১০ কোটি
গ ১ কোটি-১৫ কোটি
ঘ ১০ কোটি-৩০ কোটি

উদ্দীপকটি পড়ো এবং ২৭নং প্রশ্নের উত্তর দাও।
ক দেশে ২০১৪ সালে দেশি ও বিদেশি কোম্পানিগুলোর উৎপাদন সম্পর্কিত তথ্যসমূহ নিম্নরূপ—

| কোম্পানির নাম | উৎপাদনের পরিমাণ (কোটি টাকা) |
|---|---|
| X দেশি | ১২০০ কোটি |
| Y বিদেশি | ৬০০ কোটি |
| Z বিদেশি | ৪০০ কোটি |

২৭. ক দেশে ২০১৪ সালে মোট দেশজ উৎপাদনের পরিমাণ কত?
ক ২০০ কোটি
খ ১০০০ কোটি
গ ১২০০ কোটি
ঘ ২২০০ কোটি

২৮. উৎপাদন মাত্রা কী?
ক উৎপাদিত পণ্যের ব্যয়
খ উৎপাদিত পণ্যের পরিমাণ
গ উৎপাদিত পণ্যের মান
ঘ উৎপাদনে ব্যবহৃত কাঁচামালের পরিমাণ

উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও।
ভিশন লি. বিভিন্ন ধরনের মোবাইল উৎপাদন ও বাজারজাতকরণ করে। এটি ক্রেতাদের পাঁচ বছরের ওয়ারেন্টি দিয়ে থাকে। সম্প্রতি প্রতিষ্ঠানটি আইএসও (ISO) সনদ লাভ করেছে।

২৯. ভিশন লি. এর মোবাইলের পাঁচ বছরের ওয়ারেন্টি কোন ধরনের ব্যয়?
ক প্রতিরোধ ব্যয়
খ মূল্যায়ন ব্যয়
গ অভ্যন্তরীণ ব্যর্থতার ব্যয়
ঘ বাহ্যিক ব্যর্থতার ব্যয়

৩০. ভিশন লি. আইএসও সনদ লাভের ফলে—
i. আন্তর্জাতিক স্বীকৃতি পাবে
ii. উৎপাদন বৃদ্ধি পাবে
iii. রপ্তানির সুযোগ পাবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | গ | ৩ | ক | ৪ | ঘ | ৫ | খ | ৬ | ক | ৭ | ঘ | ৮ | গ | ৯ | গ | ১০ | গ | ১১ | খ | ১২ | খ | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | গ |
| ১৬ | ক | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | ঘ | ২০ | গ | ২১ | ক | ২২ | খ | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | খ | ২৬ | খ | ২৭ | ঘ | ২৮ | খ | ২৯ | ঘ | ৩০ | খ |

Teachingbd.com

http://teachingbd.com